



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০২.১২.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শুন্দাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এবং জাতীয় শুন্দাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে আজ ২ ডিসেম্বর কর্মচারীদের জন্য ‘শুন্দাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ কর্মশালা দুটি ব্যাচে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি সকাল দশটায় উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুয়্রেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। আরও উপস্থিত ছিলেন রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম।

কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (রাজশাহী) উপ-পরিচালক (প্রশাসন) আ ত ম আবদুল্লাহেল বাকী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, শুন্দাচার হলো শৃঙ্খলা-নিয়মানুবর্তিতা। প্রত্যেকের মধ্যে শৃঙ্খলাবোধ থাকতে হবে। আমাদের প্রতিনিয়ত শুন্দাচার পালন করতে হয়। প্রত্যেক ব্যক্তির যার যার জয়গা থেকে দায়িত্ব ও কর্তব্যবোধ পালন করে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে হবে। দায়িত্ববোধ হলো স্টান্ডার্ডের অঙ্গ। বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ণ রাখার জন্য আমাদের কাজ করতে হবে। আমাদের আচরণ, কথাবার্তা, চাল-চলন, সততা প্রতিটি ক্ষেত্রেই শুন্দাচারের পরিচয় বহন করে ভালোকিছু করতে হবে।

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুয়্রেন্স সেল-এর উদ্যোগে দুটি ব্যাচে তৃতীয় ও চতুর্থ শ্রেণির সকল কর্মচারী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রথম ব্যাচ সকাল ১০টায় এবং দ্বিতীয় ব্যাচ দুপুর আড়াইটায় অনুষ্ঠিত হয়। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের গ্যালারী ২ তে অনুষ্ঠিত হয়।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়